□ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা □ বিসিএস □ ব্যাংক পরীক্ষা
□ বিভিন্ন চাকুরীসহ যে কোন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য

ঢাবি 'খ' ইউনিট, গুচ্ছ ও অন্যান্য বিশ্ববিদ্যালয়ে
ভর্তি পরীক্ষায় সাম্প্রতিক বিষয়ে সর্বোচ্চ প্রস্তুতির জন্য

২০২৫

জোবায়ের'স সিরিজের

# সাম্প্রতিক ক্যাপসুল

বাংলাদেশ ও আন্তর্জাতিক

প্রকাশকাল : ১৫ মার্চ, ২০২৫

রচনা ও সম্পাদনায়

জোবায়ের আহমেদ
লেখক- জোবায়ের'স GK

নির্ধারিত মূল্যঃ ৩০/-

CamScanner

**২০২৪-২৫ ঢাবি খ ইউনিটের ভর্তি পরীক্ষায় ১৩টি সাম্প্রতিক প্রশ্নের ১২টিই কমন পড়েছে "সাম্প্রতিক ক্যাপসুল" থেকে। নিচে চিত্রসহ প্রমাণ-**

| | |
|---|---|
| মুসোলিনিকে ফ্যাসিবাদের (Fascism) জনকও বলা হয়। | সাম্প্রতিক ক্যাপসুল-১' পৃষ্ঠা নং- ৯ |
| দারিদ্র্য, বেকারত্ব ও কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনা | সাম্প্রতিক ক্যাপসুল-১' পৃষ্ঠা নং- ১৩ |
| প্রধান বিচারপতি ২৫ সৈয়দ রেফাত আহমেদ | সাম্প্রতিক ক্যাপসুল-১' পৃষ্ঠা নং- ২২ |
| রিপাবলিকান পার্টি ◆ অন্য যে নামে পরিচিত- গ্র্যান্ড ওল্ড পার্টি। | সাম্প্রতিক ক্যাপসুল-২' পৃষ্ঠা নং- ৩ |
| ইসরায়েলে হামাস পরিচালিত অভিযানের নাম ছিল 'অপারেশন আল-আকসা ফ্লাড'। | সাম্প্রতিক ক্যাপসুল-৩' পৃষ্ঠা নং- ৪ |
| ➢ Starlink [স্যাটেলাইট ভিত্তিক ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান]। | সাম্প্রতিক ক্যাপসুল-৩' পৃষ্ঠা নং- ১৭ |
| সিরিয়ার স্বৈরশাসক বাশারের পতন, বিদ্রোহের নেতৃত্বে তাহরির আল-শাম | সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ১ |
| তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা হয় পঞ্চদশ | সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ৯ |
| Blue Economy- সমুদ্র থেকে আহরণকৃত যে কোনো সম্পদ, | সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ২৩ |
| ◆ অন্তর্বর্তীকালীন সরকারে নারী উপদেষ্টা- ৪ জন | সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ২৫ |
| ◆ সম্প্রতি যে প্রেসিডেন্ট অভিশংসিত হন- দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট ইউন সুক-ইওল। | সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ২৭ |
| • আবু সাঈদকে নিয়ে অঙ্কিত শিল্পকর্ম 'উন্নত মম শির'-এর শিল্পী- শহীদ কবির। | সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ২৯ |

ফেসবুক পোস্টটি দেখতে QR কোডটি স্ক্যান করুন

CamScanner

# ভবিষ্যতের রূপরেখা- ৬ (ছয়) সংস্কার কমিশনের চূড়ান্ত প্রতিবেদন

২০২৫ সালের ১৫ জানুয়ারি অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নিকট চারটি সংস্কার কমিশন (দুদক সংস্কার কমিশন, সংবিধান সংস্কার কমিশন, নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন ও পুলিশ সংস্কার কমিশন) তাদের চূড়ান্ত প্রতিবেদন হস্তান্তর করে। পরবর্তীতে ২০ জানুয়ারি কমিশন চারটির মেয়াদ ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত বর্ধিত করা হয়। এছাড়াও, ৫ ফেব্রুয়ারি জনপ্রশাসন সংস্কার কমিশন ও বিচার বিভাগ সংস্কার কমিশন তাদের চূড়ান্ত প্রতিবেদন হস্তান্তর করে।

## দুদক সংস্কার কমিশন



Anti-Corruption Commission Reform Commission

- পুরো নাম- দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশন।
- গঠিত হয়- ৩ অক্টোবর, ২০২৪। ♦ মোট সদস্য সংখ্যা- ৮ জন।
- সুপারিশপত্রে মোট অধ্যায়- ৭টি। ♦ মোট সুপারিশ সংখ্যা- ৪৭টি।
- সুপারিশমালা বাস্তবায়নে প্রস্তাবিত রূপরেখা/পথরেখা ৩টি-
  ❖ স্বল্প মেয়াদী (৬মাস) ❖ মধ্যম মেয়াদী (১৮মাস) ❖ দীর্ঘ মেয়াদী (৪৮মাস)।

### উল্লেখযোগ্য সুপারিশ সমূহ-

☞ দুদকে স্বচ্ছ নিয়োগের জন্য **৭ সদস্যের বাছাই কমিটি** গঠন।
☞ আর্থিক লেনদেনের স্বচ্ছতা নিশ্চিতে দেশে **কমন রিপোর্টিং স্ট্যান্ডার্ডস** এর বাস্তবায়ন।
☞ দুদক থেকে অনিয়ম দূর করতে **টাস্কফোর্স গঠন**।
☞ UNCAC বা UN Convention against Corruption এর **২১নং অনুচ্ছেদ** অনুসারে ঘুষ লেনদেনকে শাস্তির আওতায় আনা।
☞ দুদকের কার্যালয় আছে এমন প্রতিটি জেলায় **স্পেশাল জজ আদালত গঠন**।
☞ কমিশনারদের যোগ্যতা ২০ বছরের অভিজ্ঞতার পরিবর্তে **নূন্যতম ১৫ বছর** হলেই হবে।

| | বর্তমানে | প্রস্তাবিত |
|---|---|---|
| প্রতিষ্ঠানের ধরণ | বিধিবদ্ধ প্রতিষ্ঠান | সাংবিধানিক প্রতিষ্ঠান |
| কমিশনের মেয়াদ | ৫ (পাঁচ) বছর | ৪ (চার) বছর |
| কমিশনের সদস্য সংখ্যা | ৩ (তিন) জন | ৫ জন (ন্যূনতম ১জন নারী) |
| কৌশলপত্র | জাতীয় শুদ্ধাচার কৌশল | দুর্নীতিবিরোধী জাতীয় কৌশলপত্র |
| কমিশন গঠনে কমিটি | সার্চ কমিটি | বাছাই ও পর্যবেক্ষণ কমিটি |

## নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন



Electoral Reform Commission

- গঠিত হয়- ৩ অক্টোবর, ২০২৪।
- মোট সদস্য সংখ্যা- ৮ জন।
- সুপারিশপত্রে মোট অধ্যায়- ১৯টি। ♦ মোট সুপারিশ সংখ্যা- ১৫০টি

### উল্লেখযোগ্য সুপারিশ সমূহ-

☞ স্থানীয় সরকার নির্বাচনের সম্পূর্ণ দায়িত্ব নির্বাচন কমিশনের কাছে ন্যস্ত করা।
☞ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন বন্ধ ও **'না-ভোটে'র বিধান** প্রবর্তন।
☞ নতুন রাজনৈতিক দল নিবন্ধনের ক্ষেত্রে **১০% জেলায় এবং ৫% উপজেলায়/থানায়** দলের অফিস এবং ন্যূনতম **৫,০০০ সদস্য** থাকার বিধান করা।
☞ কোন দল **পর পর দু'টি নির্বাচনে** অংশগ্রহণ না করলে সেই দলের নিবন্ধন বাতিল।

☞ **SSI বা Self-Sovereign Indentity** ব্যবস্থার মাধ্যমে নাগরিকদের NID কার্ডকে একটি স্ট্যান্ডার্ডাইজড্ ডিজিটাল ফরম্যাটে রূপান্তর।

☞ কোন ব্যক্তি **একই সাথে প্রধানমন্ত্রী, রাজনৈতিক দলের প্রধান ও সংসদ নেতা** হতে পারবেন না। দু'বার নির্বাচিত প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি নির্বাচনের ক্ষেত্রে অযোগ্য ঘোষিত হবেন।

☞ এক ব্যক্তির **একাধিক আসনে প্রার্থীতা ও নির্বাচনে EVM** পদ্ধতির ব্যবহার বাতিল।

☞ কোনো আসনে **ন্যূনতম ৪০%** ভোট না পড়লে সে আসনে পুনর্নির্বাচন অনুষ্ঠিত হবে।

| | সংসদ | প্রধানমন্ত্রীর মেয়াদ | স্থানীয় সরকার নির্বাচন | ডেপুটি স্পিকার | সংরক্ষিত নারী আসন |
|---|---|---|---|---|---|
| বর্তমানে | এক কক্ষ বিশিষ্ট | অনির্দিষ্ট বার | দলীয় পদ্ধতি | সরকারি দল | ৫০টি |
| প্রস্তাবিত | ২দ্বি-কক্ষ বিশিষ্ট | ২বারের অধিক নয় | নির্দলীয় পদ্ধতি | বিরোধী দল | ১০০টি (নিম্নকক্ষ) |

## সংবিধান সংস্কার কমিশন



Constitution Reform Commission

- **গঠিত হয়–** ৬ অক্টোবর, ২০২৪।
- **মোট সদস্য সংখ্যা–** ৯ জন।
- **সুপারিশপত্রে–** মোট অধ্যায় ৩টি।
- **মোট খন্ড রয়েছে–** ৫টি।
- **মোট উদ্দেশ্য–** ৭টি।

**উল্লেখযোগ্য সুপারিশ সমূহ–**

☞ **দ্বিকক্ষ বিশিষ্ট** আইনসভা/সংসদ (উচ্চকক্ষ ও নিম্নকক্ষ) গঠিত হবে। উভয় কক্ষেরই মেয়াদ হবে **৪ বছর**।

☞ **উচ্চকক্ষে মোট সদস্য সংখ্যা হবে ১০৫ জন**। জাতীয় সংসদ নির্বাচনে প্রদত্ত মোট ভোটের সংখ্যা অনুপাতে ১০০ জন সদস্য নির্ধারিত হবেন; বাকি ৫ জন সদস্য রাষ্ট্রপতি মনোনীত করবেন। রাজনৈতিক দলগুলো **সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব/ Proporitonal Representation (PR)** পদ্ধতির ভিত্তিতে প্রার্থী মনোনয়ন দিবে।

☞ **নিম্নকক্ষে মোট সদস্য সংখ্যা হবে ৪০০ জন**। ৩০০ জন সদস্য জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হবেন। অবশিষ্ট **১০০ আসন নারীদের জন্য সংরক্ষিত** থাকবে।

☞ **নিম্নকক্ষে ডেপুটি স্পিকার থাকবেন ২ জন**, যার মধ্যে একজন অবশ্যই বিরোধী দল থেকে মনোনীত হবেন।

☞ **রাষ্ট্রপতি নির্বাচক মন্ডলির (Electoral College) ভোটে নির্বাচিত** হবেন এবং **সর্বোচ্চ ২বার** ক্ষমতায় অধিষ্ঠিত হতে পারবেন।

☞ ন্যূনতম **২১ বছর বয়স** হলেই যে কোন নাগরিক সংসদীয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ পাবে।

| | |
|---|---|
| **সাংবিধানিক নাম** | ❖ **বর্তমানে–** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ। ❖ **প্রস্তাবিত–** জনগণতন্ত্রী বাংলাদেশ। |
| **মূলনীতি** | ❖ **বর্তমানে (৪টি)–** জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। ❖ **প্রস্তাবিত (৬টি)–** সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ এবং গণতন্ত্র। |
| **সংসদ/আইনসভা** | ❖ **বর্তমানে–** এককক্ষ বিশিষ্ট। ❖ **প্রস্তাবিত–** দ্বিকক্ষ বিশিষ্ট। |
| **ডেপুটি স্পিকার** | ❖ **বর্তমানে–** সরকারি দল। ❖ **প্রস্তাবিত–** বিরোধী দল। |
| **নাগরিকত্ব** | ❖ **বর্তমানে–** বাঙালি। ❖ **প্রস্তাবিত–** বাংলাদেশি। |
| **সরকারের/জাতীয় সংসদের/রাষ্ট্রপতির মেয়াদ** | ❖ **বর্তমানে–** ৫ বছর। ❖ **প্রস্তাবিত–** ৪ বছর। |

***নিম্নকক্ষের মোট আসনের ১০% তরুণ-তরুণীদের মধ্যে থেকে মনোনীত করতে হবে।***

CamScanner

## পুলিশ সংস্কার কমিশন



Police Reform Commission

- ♦ **গঠিত হয়–** ৩ অক্টোবর, ২০২৪। ♦ **মোট সদস্য সংখ্যা–** ৯ জন।

**উল্লেখযোগ্য সুপারিশ সমূহ–**

- ☞ পুলিশ বাহিনীর সংস্কারের জন্য **২২টি আইনের সংশোধন ও পরিমার্জন** ।
- ☞ ব্যক্তি ও দলীয় প্রভাবমুক্ত একটি **নিরপেক্ষ পুলিশ কমিশন** গঠন ।
- ☞ পুলিশের কাজকর্ম তদারকির জন্য **'ওয়াচডগ বা ওভারসাইট কমিটি'** গঠন ।
- ☞ কাউকে গ্রেপ্তার, তল্লাশি ও জিজ্ঞাসাবাদের ক্ষেত্রে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা **[8SCOB (2016) AD]** বাস্তবায়ন ।
- ☞ দ্রুত অপরাধ দমনের জন্য খুলনা, শরীয়তপুর, চাঁদপুর, বরিশাল, ভোলাসহ সমগ্র দেশে **জলপথমন্ডিত এলাকায় 'ভাসমান থানা'** গঠন ।
- ☞ দেশের প্রতিটি বিভাগীয় শহরে **ফরেনসিক ল্যাবরেটরী স্থাপন**। পাশাপাশি, প্রতিটি বিভাগে একটি করে **ক্রাইমসিন ইউনিট/ব্যালিস্টিক শাখা** গঠন করার প্রতি গুরুত্ব প্রদান করা হয়েছে।

*[*Note: বাংলাদেশ পুলিশ অপরাধীদের সব তথ্য **Crime Data Management System (CDMS)** সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণ করে।]*

## জনপ্রশাসন সংস্কার কমিশন



Public Administration Reform Commisssion

- ♦ **গঠিত হয়–** ৩ অক্টোবর, ২০২৪। ♦ **মোট সদস্য সংখ্যা–** ১১ জন।
- ♦ **সুপারিশপত্রে–** মোট অধ্যায় ১৭টি। ♦ **পরিশিষ্ট রয়েছে–** ১০টি।

**উল্লেখযোগ্য সুপারিশ সমূহ–**

- ☞ বর্তমানে বিদ্যমান ৪৩টি মন্ত্রণালয়কে হ্রাস করে **২৫টি মন্ত্রণালয় ও ৪০টি বিভাগে বিন্যস্ত** করা। মোট মন্ত্রীর সংখ্যা হবে ২৩ জন এবং প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সংখ্যা হবে ১২ জন।
- ☞ উপজেলা পরিষদ থেকে **ভাইস চেয়ারম্যান পদ বাতিল** করা।
- ☞ আইন ও বিচার মন্ত্রণালয়ের অধীন থেকে **ভূমি রেজিস্ট্রেশন অফিসকে পৃথক করে ভূমি মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত** করা।
- ☞ কমপক্ষে ১৫ বছর চাকুরী করার পর প্রজাতন্ত্রের একজন কর্মচারী সকল সুবিধাসহ অবসর গ্রহণ করতে পারবেন।
- ☞ **পাবলিক সার্ভিস অ্যাক্ট, ২০১৮ এর ধারা ৪৫** এর বিধান অনুসারে কেউ **২৫ বছর** চাকুরী করার পর সরকার চাইলে তাকে যে বাধ্যতামূলক অবসরে পাঠাতে পারতো সে বিধান বাতিল করা।
- ☞ বাংলাদেশকে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা নামক **৪টি প্রদেশে** ভাগ করা। কুমিল্লা ও ফরিদপুর নামে আলাদা **২টি বিভাগ** গঠন করা।
- ☞ ঢাকা মহানগর, টঙ্গী, নারায়ণগঞ্জ, সাভার ও কেরাণীগঞ্জ নিয়ে **ক্যাপিটাল সিটি গভর্নমেন্ট** গঠন করা।

| | পাবলিক সার্ভিস কমিশন | নাম পরিবর্তন | বিসিএস ক্যাডার সংখ্যা | নাম পরিবর্তন |
|---|---|---|---|---|
| বর্তমানে | ১ (এক)টি | জেলা প্রশাসক | ২৬ (ছাব্বিশ)টি | উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| প্রস্তাবিত | ৩ (তিন)টি | জেলা কমিশনার | ১৩ (তেরো)টি | উপজেলা কমিশনার |

## বিচার বিভাগ সংস্কার কমিশন



Judiciary Reform Commission

- **গঠিত হয়–** ৩ অক্টোবর, ২০২৪।
- **মোট সদস্য সংখ্যা–** ১১ জন।
- **সুপারিশপত্রে–** মোট অধ্যায় ৩২টি। ◆ **পরিশিষ্ট রয়েছে–** ১১টি।

**উল্লেখযোগ্য সুপারিশ সমূহ–**

☞ মামলার রায়ের **পিডিএফ (PDF) কপি আদালতের ওয়েব সাইটে আপলোড** করা।
☞ মামলাজট কমানোর লক্ষ্যে **অবসরপ্রাপ্ত জেলা জজদের চুক্তিভিত্তিক নিয়োগ** দেয়া যেতে পারে।
☞ আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে **বিচারপতি সংখ্যা বৃদ্ধি** করা। আপিল বিভাগে সকল কার্যদিবসে **ন্যূনতম ৩টি বেঞ্চ** পরিচালনা করা।
☞ বিচারকদের শৃঙ্খলা ও জবাবদিহিতা আনতে সুপ্রীম **জুডিশিয়াল কাউন্সিল গঠন**।




☞ সাজাপ্রাপ্ত আসামিকে ক্ষমা করে দেওয়ার রাষ্ট্রপতির যে একচ্ছত্র ক্ষমতা, তা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে একটি বোর্ড প্রতিষ্ঠা।
☞ **ভ্রাম্যমাণ আদালতকে (Mobile Court) বিচার বিভাগের** আওতায় নিয়ে আসা।




## দেশে প্রথম অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব




- **দেশে প্রথমবারের মত অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব প্রতিষ্ঠিত হয়েছে–** ঢাকা বিশ্ববিদ্যালয়ে।
- **প্রতিষ্ঠার তারিখ–** ৭ জানুয়ারি, ২০২৫।
- **সহযোগিতাকারী প্রতিষ্ঠান–** United States Agency for International Development (USAID) ও International Foundation for Electoral Systems (IFES).
- **প্রতিষ্ঠার লক্ষ্য–**
  - ❖ গণতন্ত্র চর্চা।
  - ❖ গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবাধিকার বিষয়ক সচেতনতা তৈরি।
  - ❖ মৌলিক গবেষণা কার্যক্রম পরিচালনা।

CamScanner

## হামাস-ইসরায়েল যুদ্ধবিরতি-১৫ মাসব্যাপী চলমান রক্তক্ষয়ী সংঘর্ষের অবসান

- যুদ্ধ শুরু– ৭ অক্টোবর, ২০২৩।
- গাজায় মোট নিহত– ৪৭,০০০ জন (প্রতি ৫০ জনে ১ জন)।
- যুদ্ধবিরতি চুক্তির খসড়া– ৩১ মে, ২০২৪।
- চুক্তি স্বাক্ষর– ১৮ জানুয়ারি, ২০২৫।
- চুক্তি কার্যকর– ১৯ জানুয়ারি, ২০২৫।
- মধ্যস্থতাকারী দেশ– মিশর, কাতার, যুক্তরাষ্ট্র।
- চুক্তিতে অংশগ্রহণকারী পক্ষ– ৩টি
  - হামাস ❖ ইসরায়েল ❖ ফিলিস্তিনি ইসলামি জিহাদ।
- ৩টি ধাপে চুক্তিটি বাস্তবায়ন করা হবে।




### প্রথম ধাপ

৩৩জন ইসরায়েলি বন্দির বিনিময়ে ১,৯০৪ জন ফিলিস্তিনি নাগরিক মুক্তি পাবে। গাজায় জরুরী খাদ্য, পানি, ঔষধ ও ত্রাণ সরবরাহের অনুমতি ও গাজার জনবহুল এলাকা থেকে ইসরায়েলি সৈন্যবাহিনী প্রত্যাহার।

### দ্বিতীয় ধাপ

গাজা থেকে সম্পূর্ণরূপে ইসরায়েলি সেনা প্রত্যাহার, টেকসই শান্তি পুনঃপ্রতিষ্ঠা এবং অবশিষ্ট জীবিত বন্দিদের বিনিময় সম্পূর্ণ করা।

### তৃতীয় ধাপ

গাজার পুনর্গঠনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। নিহত ইসরায়েলি ও ফিলিস্তিনি বন্দিদের লাশ বিনিময় করা। সীমান্ত ক্রসিংগুলো পুনরায় চালু করা।

### গাজার নিয়ন্ত্রণ এখন ফিলিস্তিনি কর্তৃপক্ষের হাতে

- স্থায়ী যুদ্ধবিরতীর পর হামাস আর গাজা নিয়ন্ত্রণ করবে না। যুদ্ধবিরতির পর গাজা উপত্যকার পূর্ণ দায়িত্ব গ্রহণ করবে ফিলিস্তিনি সরকারি জোট ফিলিস্তিনি কর্তৃপক্ষ (PA)।
- ২০২৫ সালের ১২ এপ্রিল যুদ্ধবিরতি চুক্তির তৃতীয় ধাপ শুরু হলে ফিলিস্তিনি কর্তৃপক্ষ আন্তর্জাতিক ও আরব দেশগুলোর সহায়তার মাধ্যমে ৩ থেকে ৫ বছর মেয়াদে গাজা পুনর্গঠন শুরু করবে।

### একনজরে ফিলিস্তিনি কর্তৃপক্ষ (Palestinian Authority-PA)

- অন্যনাম– ফিলিস্তিনি জাতীয় কর্তৃপক্ষ (Palestinian National Authority-PNA)
- প্রশাসনিক কেন্দ্র– রামাল্লাহ। ◆ আইন সভা– লেজিসলেটিভ কাউন্সিল।
- রাষ্ট্রপতি– মাহমুদ আব্বাস। ◆ প্রধানমন্ত্রী– মুহাম্মদ মোস্তফা।




CamScanner

## কৃত্রিম বুদ্ধিমত্তার নতুন দিগন্ত উন্মোচনে ডিপসিক




ডিপসিকের প্রতিষ্ঠাতা
**Liang Wenfeng**

- ডিপসিক (DeepSeek) একটি চীনা কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক কোম্পানি, যা হেজ ফান্ডভিত্তিক প্রতিষ্ঠান হাই-ফ্লাইয়ার-এর অধীনস্থ। AI- চালিত চ্যাটবট চালুর মাধ্যমে এটি বিশ্বব্যাপী পরিচিতি লাভ করেছে।
- ২০২৫ সালের ২০ জানুয়ারি ডিপসিক R1 মডেলের চ্যাটবট চালুর পর এটি বিশ্বব্যাপী ক্রমবর্ধমান হারে ব্যবহৃত হয়ে আসছে।
- **ডিপসিক প্রতিষ্ঠিত হয়–** মে, ২০২৩।
- **সদর দপ্তর–** হাংচৌ, চীন।

**লিয়াং ওয়েনফেং এর প্রতিষ্ঠিত যত প্রতিষ্ঠান**

- হ্যাংঝু ইয়াকেবি ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট (২০১৩ সালে প্রতিষ্ঠিত)
- হাই-ফ্লায়ার AI (২০১৯ সালে প্রতিষ্ঠিত)
- ঝেজিয়াং জিউহাং অ্যাসেট ম্যানেজমেন্ট (২০১৫ সালে প্রতিষ্ঠিত)

- **হাই-ফ্লায়ার AI নির্মাণে তার সহযোগী ছিলেন–** জু জিন ও ঝেং দাউই।
- **দ্য গার্ডিয়ান নামক বৃটিশ পত্রিকা ডিপসিককে তুলনা করেছে–** কোল্ড ওয়ার 'স্পুটনিক' এর সাথে।
- **ডিপসিকের সীমাবদ্ধতা–** রাজনৈতিক ও স্পর্শকাতর প্রশ্নের উত্তর এড়িয়ে যাওয়ার চেষ্টা করে।

**একনজরে বর্তমানে আলোচিত সব চ্যাটবট–**

| চ্যাটবটের নাম | কোম্পানির নাম | প্রতিষ্ঠাতা | সদর দপ্তর |
|---|---|---|---|
| গ্রোক-৩ | এক্সএআই | ইলন মাস্ক | ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র |
| ডিপসিক আর ১ | ডিপসিক | লিয়াং ওয়েনফেং | হাংচৌ, ঝেজিয়াং, চীন |
| o3-mini, চ্যাটজিপিটি | ওপেন এ আই | স্যাম অল্টম্যান, গ্রেগ ব্রকম্যান | ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র |
| কুয়েন | আলীবাবা ক্লাউড | জ্যাক মা, জিয়াং ওয়াং | হাংচৌ, ঝেজিয়াং, চীন |
| জেমিনি | গুগল | ল্যারি পেজ, সের্গেই ব্রিন | ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র |

## দেশে বর্তমানে নিবন্ধিত রাজনৈতিক দল ৪৯টি

- বাংলাদেশ নির্বাচন কমিশন ২০২৫ সালের ২ ফেব্রুয়ারি সর্বশেষ নতুন রাজনৈতিক দলকে নিবন্ধন প্রদান করে।
- **সর্বশেষ নিবন্ধিত দল–** বাংলাদেশ ডেভেলপমেন্ট পার্টি (BDP)।
- **BDP এর ❖ প্রতীক–** ফুলকপি ❖ **নিবন্ধন নম্বর–** ৫৪।

BANGLADESH DEVELOPMENT PARTY

[*Note: নির্বাচন কমিশন এখন পর্যন্ত ৫৪টি দলকে নিবন্ধন প্রদান করলেও পরবর্তীতে নানা কারণে ৫টি দলের নিবন্ধন বাতিল করা হয়েছে। **তাই বর্তমানে নিবন্ধনভুক্ত দলের সংখ্যা– ৪৯টি।**]

## ছাত্র-জনতার নেতৃত্বে নবগঠিত দল জাতীয় নাগরিক পার্টি (জানাপা)

- **পরিচয়–** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটি কর্তৃক প্রতিষ্ঠিত রাজনৈতিক দল।
- **প্রতিষ্ঠাকাল–** ২৮ ফেব্রুয়ারি, ২০২৫। ◆ **সদর দপ্তর–** কাজী নজরুল ইসলাম এভিনিউ।
- **প্রতিষ্ঠার স্থান–** মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা।
- **আহ্বায়ক–** নাহিদ ইসলাম। ◆ **সদস্য সচিব–** আখতার হোসেন।
- **মুখ্য সংগঠক–** সারজিস আলম ও হাসনাত আবদুল্লাহ।
- **ভাবাদর্শ–** বহুত্ববাদ। ◆ **রাজনৈতিক অবস্থান–** মধ্যপন্থী।

দলীয় স্লোগান–
**ইনকিলাব জিন্দাবাদ**

NCP National Citizen Party

## মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের যত আলোচিত-সমালোচিত নীতি

২০২৫ সালের ২০ জানুয়ারি মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শপথ গ্রহণ করে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেন। ২০ জানুয়ারি থেকেই তার গৃহীত বিভিন্ন নীতি বিশ্বব্যাপী নানা আলোচনা-সমালোচনা-অনিশ্চয়তার জন্ম দিয়েছে।

### এক নজরে ট্রাম্পের গৃহীত উল্লেখযোগ্য সব নীতি–

- ২০ জানুয়ারি যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বাসবাসকারী ব্যক্তিদের সন্তানের **জন্মসূত্রে মার্কিন নাগরিকত্বের অধিকার বাতিল** করেন। তবে মার্কিন ফেডারেল আদালত ট্রাম্পের এই আদেশকে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেছে।
- ২০ জানুয়ারি প্রেসিডেন্ট ট্রাম্প ফেডারেল ব্যয় হ্রাস এবং নিয়ন্ত্রণমুক্তকরণের এজেন্ডা বাস্তবায়ন, সরকারি দক্ষতা ও উৎপাদনশীলতা সর্বাধিক করার লক্ষ্যে **Department of Government Efficiency (DOGE)** গঠন করেছেন। এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসি'তে অবস্থিত। **ইলন মাস্ক এর বর্তমান অস্থায়ী প্রধান** পদে দায়িত্বরত।
- ২০ জানুয়ারি **প্যারিস জলবায়ু চুক্তি থেকে দ্বিতীয়বারের মতো যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার** করে নেন।
- ২০ জানুয়ারি **বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে যুক্তরাষ্ট্রকে আনুষ্ঠানিকভাবে বের করে নেওয়ার** প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেন।
- ২৯ জানুয়ারি **৩০,০০০ শরণার্থীকে গুয়ান্তানামো বে কারাগারে পাঠানোর** নির্দেশ দিয়ে পুনরায় কারাগারটির যাত্রা শুরু করালেন। গুয়ান্তানামো বে কারাগারটি কিউবার গুয়ান্তানামো উপসাগরে মার্কিন নৌবাহিনীর ঘাঁটির নিকটে অবস্থিত।
- ৩১ জানুয়ারি যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (United States Agency for International Development-**USAID**) **এর স্বাধীনতা হরণ** করে মার্কিন পররাষ্ট্র দপ্তরের নিয়ন্ত্রনে আনার ঘোষণা দেন।
- ৪ ফেব্রুয়ারি জাতিসংঘের **মানবাধিকার পরিষদ থেকে যুক্তরাষ্ট্রকে বের** করে নেওয়ার ঘোষণা দেন।
- ৪ ফেব্রুয়ারি জনগণকে অন্যত্র সরিয়ে নেয়ার মাধ্যমে গাজাকে খালি করে আবাসন এলাকা বা **Riviera of the Middle East নির্মাণের ঘোষণা** দেন।
- ৬ ফেব্রুয়ারি আন্তর্জাতিক অপরাধ আদালত **(International Criminal Court-ICC) এর উপর নিষেধাজ্ঞা** জারি করেন। ICC এর সদর দপ্তর নেদারল্যান্ডসের হেগ শহরে অবস্থিত।
- ৯ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্রের **অর্থমন্ত্রণালয়কে ধাতব মুদ্রা পেনি'র (সেন্ট) উৎপাদন বন্ধ করার নির্দেশ** দেন। উল্লেখ্য, ১ পেনি = ১ ডলারের ১০০ ভাগের ১ ভাগ।
- ১৬ ফেব্রুয়ারি বাংলাদেশ ও ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশে **বড় ধরনের সকল আর্থিক সহায়তা বাতিল** করে দেন।
- ১ ফেব্রুয়ারি ট্রাম্প নির্বাহী আদেশের মধ্যে দিয়ে **কানাডা ও মেক্সিকোর পণ্য আমদানিতে অতিরিক্ত ২৫%** এবং **চীনের পণ্য আমদানিতে শুল্ক বৃদ্ধি করে আরো ১০% অতিরিক্ত শুল্ক** আরোপ করেন। এর পরিপ্রেক্ষিতে সম্প্রতি যুক্তরাষ্ট্র-চীন বাণিজ্য উত্তেজনা দেখা দিয়েছে।

### যুক্তরাষ্ট্র-চীন বাণিজ্য উত্তেজনা



**১ ফেব্রুয়ারি** — ডোনাল্ড ট্রাম্প চীনা পণ্যের উপর অতিরিক্ত ১০% শুল্ক আরোপ করেন।

**৪ ফেব্রুয়ারি** — প্রতিবাদসরূপ চীন যুক্তরাষ্ট্রের পণ্যগুলোর উপর ১০-১৫% শুল্ক আরোপ করে।

**৪ মার্চ** — ট্রাম্প প্রশাসন চীনকে মাদক পাচার রোধে ব্যর্থতার জন্য দায়ী করে অতিরিক্ত ১০% শুল্ক আরোপ করে, যা যুক্তরাষ্ট্রে চীনা পণ্যের আমদানিতে মোট শুল্ক ২০% করে তুলে।

**১০ মার্চ** — প্রতিক্রিয়ায় চীন মার্কিন মুরগি, গম, ভুট্টা ও তুলার উপর ১৫% এবং মার্কিন সয়াবিন, শুকরের মাংস, গরুর মাংস, জলজ পণ্য, ফল, সবজি ও দুগ্ধজাত পণ্যের উপর অতিরিক্ত ১০% শুল্ক আরোপ কর।

এই পরস্পর বিরোধী নীতি গ্রহণ চীন-যুক্তরাষ্ট্রের মধ্যে অর্থনৈতিক ও বাণিজ্য সহযোগিতার ভিত্তিকে দুর্বল করে তুলছে। ফলে বিশ্ব বাণিজ্যের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়েছে।

## জুলাইয়ের রক্তাক্ত সত্য নিয়ে জাতিসংঘের প্রতিবেদন

- জুলাইয়ের গণহত্যা নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে- জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয় (Office of the United Nations High Commissioner for Human Rights- OHCHR)।




সুইজারল্যান্ডের জেনেভায় ও যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে OHCHR এর সদর দপ্তর অবস্থিত।

- প্রতিবেদন প্রকাশের তারিখ- ১২ ফেব্রুয়ারী, ২০২৫।
- আনুষ্ঠানিকভাবে উপস্থাপন করা হয়- ৫ মার্চ, ২০২৫ (জেনেভা, সুইজারল্যান্ড)।
- OHCHR বাংলাদেশে ২০২৪ সালের ১ জুলাই-১৫ আগস্ট পর্যন্ত মানবাধিকার লঙ্ঘনের ঘটনাবলী নিয়ে তৈরি- ফ্যাক্ট-ফাইন্ডিং মিশনের ১১৪ পৃষ্ঠার একটি প্রতিবেদন প্রকাশ করেছে।
- প্রতিবেদন তৈরির জন্য অনুসন্ধান চালানো হয়েছে- ৮টি শহরে।
- প্রতিবেদন অনুযায়ী-
  - ❖ ১ জুলাই-১৫ আগস্ট পর্যন্ত নিহতের সংখ্যা- ১৪০০ জন (নিহত নারীর সংখ্যা- ১৩ জন)।
  - ❖ নিহতদের মধ্যে শিশু ছিল- ১২-১৩%। ❖ আহতের সংখ্যা- ১৩,৫২৯ জন।
- প্রতিবেদনে ৫টি বিষয়ের উপর- ৪১ দফা সুপারিশ করা হয়েছে।

## জুলাই গণঅভ্যুত্থান বিষয়ক প্রামাণ্যচিত্র

- জুলাই গণঅভ্যুত্থান নিয়ে প্রামাণ্যচিত্র তৈরি হবে- ৩০০টি।
- প্রকল্প বাস্তবায়নের ব্যয় হবে- ৩৭ কোটি টাকা।
- প্রকল্পের কাজ শুরুর সম্ভাব্য সময়- এপ্রিল/মে, ২০২৫।
- জুলাই গণঅভ্যুত্থানে শহিদদের ছবি ও ব্যবহৃত পোশাক দিয়ে একটি জাদুঘর স্থাপিত হবে- আগারগাঁও, ঢাকা।




বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা।

- জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর অবস্থিত- শেরে-ই-বাংলা নগর, ঢাকা (সাবেক গণভবন)।

## বর্তমানে সরকারি টিভি চ্যানেল ৫টি

| চ্যানেলের নাম | যাত্রা শুরু | চ্যানেলের নাম | যাত্রা শুরু |
|---|---|---|---|
| বাংলাদেশ টেলিভিশন | ২৫ ডিসেম্বর, ১৯৬৪ | বিটিভি চট্টগ্রাম | ১৯ ডিসেম্বর, ১৯৯৬ |
| বিটিভি ওয়ার্ল্ড | ১১ এপ্রিল, ২০০৪ | সংসদ বাংলাদেশ | ২৫ জানুয়ারি, ২০১১ |
| বিটিভি নিউজ | ৩১ ডিসেম্বর, ২০২৪ | | |

- বাংলাদেশ টেলিভিশন (BTV) বাংলা ভাষায় বিশ্বের প্রথম টেলিভিশন।
- বিটিভি রঙিন সম্প্রচার শুরু করে- ১ ডিসেম্বর, ১৯৮০।

Bangladesh Television

## টাকার নোটে যত ছবি

| নোট | ছবি | নোট | ছবি |
|---|---|---|---|
| ১ টাকা | হরিণ | ২ টাকা | দোয়েল |
| ৫ টাকা | কুসুম্বা মসজিদ, নঁওগা | ১০ টাকা | বাইতুল মোকাররম মসজিদ, ঢাকা |
| ২০ টাকা | ষাট গম্বুজ মসজিদ, বাগেরহাট | ৫০ টাকা | জয়নুল আবেদীনের চিত্রকর্ম 'মই দেয়া' |
| ১০০ টাকা | তাঁরা মসজিদ, ঢাকা | ৫০০ টাকা | বাংলাদেশের কৃষি |
| ১০০০ টাকা | জাতীয় সংসদ ভবন | ৫ টাকা কয়েন | যমুনা বহুমুখী সেতু |

## ২০২৪-২৫ ঢাবি খ ইউনিটের ভর্তি পরীক্ষায় ১৩টি সাম্প্রতিক প্রশ্নের ১২টিই কমন পড়েছে "সাম্প্রতিক ক্যাপসুল" থেকে। নিচে চিত্রসহ প্রমাণ-

| | |
|---|---|
| মুসোলিনিকে ফ্যাসিবাদের (Fascism) জনকও বলা হয়। | 'সাম্প্রতিক ক্যাপসুল-১' পৃষ্ঠা নং- ৯ |
| দারিদ্র্য, বেকারত্ব ও কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনা | 'সাম্প্রতিক ক্যাপসুল-১' পৃষ্ঠা নং- ১৩ |
| প্রধান বিচারপতি ২৫ সৈয়দ রেফাত আহমেদ | 'সাম্প্রতিক ক্যাপসুল-১' পৃষ্ঠা নং- ২২ |
| রিপাবলিকান পার্টি ◆ অন্য যে নামে পরিচিত- গ্র্যান্ড ওল্ড পার্টি। | 'সাম্প্রতিক ক্যাপসুল-২' পৃষ্ঠা নং- ৩ |
| ইসরায়েলে হামাস পরিচালিত অভিযানের নাম ছিল 'অপারেশন আল-আকসা ফ্লাড'। | 'সাম্প্রতিক ক্যাপসুল-৩' পৃষ্ঠা নং- ৪ |
| ➤ Starlink [স্যাটেলাইট ভিত্তিক ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান]। | 'সাম্প্রতিক ক্যাপসুল-৩' পৃষ্ঠা নং- ১৭ |
| সিরিয়ার স্বৈরশাসক বাশারের পতন, বিদ্রোহের নেতৃত্বে তাহরির আল-শাম | 'সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ১ |
| তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা হয় পঞ্চদশ | 'সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ৯ |
| Blue Economy- সমুদ্র থেকে আহরণকৃত যে কোনো সম্পদ, | 'সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ২৩ |
| ◆ অন্তর্বর্তীকালীন সরকারে নারী উপদেষ্টা- ৪ জন | 'সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ২৫ |
| ◆ সম্প্রতি যে প্রেসিডেন্ট অভিশংসিত হন- দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট ইউন সুক-ইওল। | 'সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ২৭ |
| ● আবু সাঈদকে নিয়ে অঙ্কিত শিল্পকর্ম 'উন্নত মম শির'-এর শিল্পী- শহীদ কবির। | 'সাম্প্রতিক ক্যাপসুল-৪' পৃষ্ঠা নং- ২৯ |




বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় সাম্প্রতিক বিষয়ে সর্বোচ্চ প্রস্তুতির জন্য পড়ুন- "সাম্প্রতিক ক্যাপসুল" সিরিজ।

"সাম্প্রতিক ক্যাপসুল" সিরিজের বইগুলো (১-৪ টা) ঢাবি ভর্তি পরীক্ষার ৩-৪ মাস আগ থেকে ঢাবি'র ভর্তি পরীক্ষা পর্যন্ত ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।

## স্বাধীনতা পুরস্কার-২০২৫

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বীর শহিদদের স্মরণে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ১৯৭৭ সালে বাংলাদেশের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার **'স্বাধীনতা পুরস্কার'** প্রবর্তন করেন। পুরস্কারটির বর্তমান অর্থমূল্য ৫ লক্ষ টাকা। স্বাধীনতা দিবসে (২৬ মার্চ) আনুষ্ঠানিকভাবে এই প্রদান করা হয়। বিভিন্ন গুরুত্বপূর্ণ খাতে অবদান রাখার জন্য বাংলাদেশ সরকার ২০২৫ সালে ৭ জন ব্যক্তিকে আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার বিজয়ী ঘোষণা করেছেন। **পুরস্কার প্রাপ্তদের নাম–**

| ক্ষেত্র | নাম |
|---|---|
| বিজ্ঞান ও প্রযুক্তি | অধ্যাপক জামাল নজরুল ইসলাম (মরণোত্তর) |
| সাহিত্য | মীর আবদুর শুকুর আল মাহমুদ (মরণোত্তর) |
| সংস্কৃতি | নভেরা আহমেদ (কেন্দ্রীয় শহীদ মিনারের অন্যতম নকশাকার) |
| সমাজসেবা | স্যার ফজলে হাসান আবেদ (ব্র্যাকের প্রতিষ্ঠাতা) |
| মুক্তিযুদ্ধ ও সংস্কৃতি | মোহাম্মদ মাহবুবুল হক খান ওরফে আজম খান (পপসম্রাট) |
| শিক্ষা ও গবেষণা | বদরুদ্দীন মোহাম্মদ উমর (লেখক ও বুদ্ধিজীবী) |
| প্রতিবাদী তারুন্য | আবরার ফাহাদ (মরণোত্তর) |



সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ২০০৩ সালে স্বাধীনতা পুরস্কার লাভ করেছিলেন। কিন্তু তৎকালীন সরকার ২০১৬ সালে সুপ্রীম কোর্টের এক রায়ের পটভূমিতে এই পুরস্কার বাতিল করেছিলেন। মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক ২০২৫ সালের ১১ মার্চ জারিকৃত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ সরকার পুরস্কার বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার করে নেয়। অর্থাৎ জিয়াউর রহমান ২০০৩ সালে যে স্বাধীনতা পুরস্কার লাভ করেছিলেন, সেটি পুনর্বহাল করা হয়েছে।

- **স্বাধীনতা পদক গ্রহণ না করার সিদ্ধান্ত নিয়েছেন–** বদরুদ্দীন উমর।

## একুশে পদক-২০২৫

ভাষা আন্দোলনে শহিদদের স্মরণে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ১৯৭৬ সালে বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার **'একুশে পদক'** প্রবর্তন করেন। পুরস্কারটির অর্থমূল্য ৪ লক্ষ টাকা। বিভিন্ন গুরুত্বপূর্ণ খাতে অবদান রাখার জন্য বাংলাদেশ সরকার ২০২৫ সালে ১৭জন ব্যক্তি ও বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দলকে এই পদক প্রদান করেছেন। **পদক প্রাপ্তদের নাম–**

| ক্ষেত্র | নাম |
|---|---|
| শিল্পকলা (চলচ্চিত্র) | আজিজুর রহমান (মরণোত্তর) |
| শিল্পকলা (সংগীত) | উস্তাদ নীরদ বরণ বড়ুয়া (মরণোত্তর), ফেরদৌস আরা |
| শিল্পকলা (আলোকচিত্র) | নাসির আলী মামুন |
| শিল্পকলা (চিত্রকলা) | রোকেয়া সুলতানা |
| সাংবাদিকতা | মাহফুজ উল্লাহ (মরণোত্তর) |
| গবেষণা | মঈদুল হাসান |
| শিক্ষা | ড. নিয়াজ জামান |
| বিজ্ঞান ও প্রযুক্তি | মেহদী হাসান খান, রিফাত নবী, মোঃ তানবিন ইসলাম সিয়াম, শাবাব মুস্তাফা |
| সমাজসেবা | মোহাম্মদ ইউসুফ চৌধুরী (মরণোত্তর) |
| ভাষা ও সাহিত্য | হেলাল হাফিজ (মরণোত্তর), শহীদুল জহির (মোঃ শহীদুল হক) (মরণোত্তর) |
| সাংবাদিকতা ও মানবাধিকার | মাহমুদুর রহমান |
| সংস্কৃতি ও শিক্ষা | ড. শহিদুল আলম |
| ক্রীড়া | বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দল |

## বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৪

১৯৬০ সাল থেকে প্রতি বছর বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারটির অর্থমূল্য ৩ লক্ষ টাকা। ২০২৫ সালের জানুয়ারি মাসে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৪ এর বিজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে।

| ক্ষেত্র | নাম | ক্ষেত্র | নাম |
|---|---|---|---|
| কবিতা | মাসুদ খান | অনুবাদ | জি এইচ হাবীব |
| নাটক ও নাট্যসাহিত্য | শুভাশিস সিনহা | গবেষণা | মুহম্মদ শাহজাহান মিয়া |
| প্রবন্ধ/গদ্য | সলিমুল্লাহ খান | বিজ্ঞান | রেজাউর রহমান |
| ফোকলোর | সৈয়দ জামিল আহমেদ | | |

## আন্তর্জাতিক মাতৃভাষা পদক-২০২৫

মাতৃভাষা সংরক্ষণ, পুনরুজ্জীবন, বিকাশ, চর্চা, প্রচার-প্রসারে অবদানের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ২০২১ সাল থেকে ২ বছর অন্তর 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক' প্রদান করে আসছে। পুরস্কারটির অর্থমূল্য ৪ লক্ষ টাকা কিংবা সমমূল্যের মার্কিন ডলার। ২০২৫ সালে তৃতীয়বারের মতো এ পদক প্রদান করা হয়েছে। **পদক প্রাপ্তদের নাম–**

| | |
|---|---|
| জাতীয় শ্রেণিতে | ভাষা বিজ্ঞানী ও ভাষা গবেষক অধ্যাপক আবুল মনসুর মুহম্মদ আবু মুসা। |
| আন্তর্জাতিক শ্রেণিতে | জোসেফ ডেভিড উইন্টার (ইল্যান্ড) |
| | বাংলাদেশ দূতাবাস, প্যারিস। |

## বাংলা ভাষার যত স্বীকৃতি

### ইউনেস্কো এর স্বীকৃতি

১৯৯৯ সালে ১৭ নভেম্বর আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ২১ ফেব্রুয়ারিকে স্বীকৃতি প্রদান করা হয়। ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি প্রথম বিশ্বব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়।

### ৩টি রাষ্ট্রের সরকারি ভাষা

২০০২ সালের ১২ ডিসেম্বর সিয়েরা লিওন বাংলা ভাষাকে সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দিলে বাংলা ভাষা ৩টি রাষ্ট্রের সরকারি ভাষা হিসেবে ব্যবহৃত হওয়ার স্বীকৃতি অর্জন করে।

### নিউইয়র্ক সিটি কাউন্সিলে স্বীকৃতি

২০২৩ সালের ১৬ ফেব্রুয়ারি নিউইয়র্ক সিটি কাউন্সিলে একটি রেজুলেশন পাশ হয়। রেজুলেশন অনুযায়ী, ২১ ফেব্রুয়ারি মাদার ল্যাংগুয়েজ ডে হিসেবে নিউইয়র্ক সিটিতে পালিত হয়।

### ধ্রুপদী বাংলা ভাষা

ভারতীয় কেন্দ্রীয় মন্ত্রীসভা ২০২৪ সালের ৩ অক্টোবর বাংলা ভাষাকে Classical Language বা ধ্রুপদী ভাষার স্বীকৃতি প্রদান করেছে।

### বাংলা ভাষায় ডোমেইন

Internet Assigned Numbers Authority (IANA) ২০১৬ সালের ৫ অক্টোবর বাংলাদেশকে ডটবাংলা (.bangla) ডোমেইন ব্যবহারের চূড়ান্ত অনুমোদন প্রদান করে।

### ফেসবুকে বাংলা ভাষা

২০০৪ সালের ৪ ফেব্রুয়ারি বর্তমান বিশ্বের সর্বাধিক জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক প্রতিষ্ঠিত হয়। ২০০৯ সালে বাংলা ভাষাকে ফেসবুকে যুক্ত করা হয়েছিল।

### উইকিপিডিয়ায় বাংলা ভাষা

২০০১ সালের ১৫ জানুয়ারি উইকিপিডিয়া প্রতিষ্ঠিত হয়েছিল। ২০০৪ সালের ২৭ জানুয়ারি থেকে বাংলা ভাষায়/সংস্করণে উইকিপিডিয়ায় যাত্রা শুরু হয়।

CS CamScanner

## ক্লোবং ম্লা- ম্রো ভাষার প্রথম চলচ্চিত্র

দেশে প্রথমবার ২০২৫ সালের ২৩ ফেব্রুয়ারি ম্রো ভাষায় নির্মিত চলচ্চিত্র ক্লোবং ম্লা প্রদর্শিত হয়েছে। বাংলায় ক্লোবং ম্লা শব্দটির অর্থ গিরিকুসুম। ১৮মিনিটের এই চলচ্চিত্রে ম্রোদের পারিবারিক জীবন ও সংগ্রামের গল্প তুলে ধরা হয়েছে। চলচ্চিত্রটির পরিচালক প্রদীপ ঘোষ।



চলচ্চিত্রটির মূল চরিত্র ক্লোবং নামক এক কন্যা শিশু।

- **চাকমা ভাষায় নির্মিত–**
  - ❖ **প্রথম চলচ্চিত্র–** মর থেংগারি ❖ **পরিচালক–** অং রাখাইন।
- **মারমা ভাষায় নির্মিত–**
  - ❖ **প্রথম চলচ্চিত্র–** গিরিকন্যা ❖ **পরিচালক–** প্রদীপ ঘোষ।

## দাবানলে দগ্ধ ক্যালিফোর্নিয়া

৭ জানুয়ারি ২০২৫, যুক্তরাষ্ট্রের **ক্যালিফোর্নিয়ার প্যালিসেডসে** ভয়াবহ দাবানল শুরু হয়, যা বাতাসের তীব্র গতিতে দ্রুত ছড়িয়ে পড়ে। ৯ জানুয়ারি মরুভূমির বাতাস **ঘন্টায় ৮০-১১২ কিমি গতিতে বয়ে লস অ্যাঞ্জেলেসে** আগুন ছড়ায়, আক্রান্ত হয় হলিউড হিলস্‌সহ অন্তত ছয়টি এলাকা। ২২ জানুয়ারি নতুন করে দাবানল আরও ৩৯ বর্গকিলোমিটার এলাকায় ছড়িয়ে পড়ে। আগুনের ভয়াবহতার কারণে **রেড-ফ্ল্যাগ সতর্কতা** জারি করা হয়। **'সানসেট ফায়ার'** নামের এই দাবানলে শুকনো ঝোপ ও প্রবল বাতাসের কারণে পরিস্থিতি অত্যধিক খারাপ হয়ে উঠেছিল। **ডলবি থিয়েটারসহ** (এই থিয়েটারে অস্কার আয়োজন করা হয়) গুরুত্বপূর্ণ বিনোদন এলাকা ক্ষতিগ্রস্ত হয়।



ক্যালিফোর্নিয়ার বৃহত্তম শহর লস অ্যাঞ্জেলস।

**বিগত বছর গুলোতে ক্যালিফোর্নিয়ায় যত দাবানল**

| সাল | দাবানলের নাম | সাল | দাবানলের নাম |
|---|---|---|---|
| ২০১৭ | থমাস ফায়ার | ২০১৮ | মেনডোসিনো কমপ্লেক্স |
| ২০২০ | আগস্ট কমপ্লেক্স ফায়ার | ২০২০ | এসসিইউ লাইটনিং কমপ্লেক্স |
| ২০২০ | ক্রিক | ২০২০ | এলএনইউ লাইটনিং কমপ্লেক্স |
| ২০২০ | নর্থ কমপ্লেক্স | ২০২১ | ডিক্সি |

## ফস-চেক (Phos-Chek)

বিশ্বজুড়ে আগুন নেভাতে ব্যবহৃত প্রধান উপাদানগুলোর একটি হলো **'ফস-চেক'**। এতে ৮০% পানি, ১৪% সারজাতীয় লবণ এবং ৬% রঙিন ও ক্ষয়রোধক উপাদান থাকে। আগুনের আশপাশের গাছপালা ও মাটিতে এটি ছড়িয়ে আগুনের গতি কমানো হয় এবং অক্সিজেনের ঘাটতি তৈরি করে আগুন নিভাতে সাহায্য করে।






১৯৬৩ সাল থেকে যুক্তরাষ্ট্রে **'ফস-চেক'** এর ব্যবহার হয়ে আসছে, যা ২০২৫ সালে ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলসের দাবানল নিয়ন্ত্রণেও উড়োজাহাজ থেকে ছিটানো হয়েছিল।

## ২০২৫ বিপিএল চ্যাম্পিয়ন ফরচুন বরিশাল



ফাইনালে চিটাগাং কিংসকে হারিয়ে ৩ উইকেটে বিজয়ী হয় ফরচুন বরিশাল।

- **পুরো নাম–** বাংলাদেশ প্রিমিয়ার লীগ (BPL)।
- **আয়োজন–** একাদশ।
- **সময়কাল–** ৩০ ডিসেম্বর, ২০২৪-৭ ফেব্রুয়ারি, ২০২৫।
- **আয়োজক–** বাংলাদেশ ক্রিকেট বোর্ড (BCB)।
- **অংশগ্রহণকারী দল–** ৭টি। ♦ **মোট ম্যাচ–** ৪৬টি।
- **ভেন্যু–** ৩টি (ঢাকা, চট্টগ্রাম, সিলেট)।
- **চ্যাম্পিয়ন–** ফরচুন বরিশাল (টানা ২বার)।
- **রানার্স আপ–** চিটাগাং কিংস।
- **দলীয় সর্বোচ্চ রান–** ঢাকা ক্যাপিটালস (২৫৪ রান)। ♦ **ব্যক্তিগত সর্বোচ্চ রান–** মোহাম্মদ নাঈম (৫১১ রান)
- **ব্যক্তিগত সর্বোচ্চ ইনিংস–** লিটন দাস (১২৫টি)। ♦ **ফাইনাল সেরা খেলোয়াড়–** তামিম ইকবাল।
- **টুর্নামেন্ট সেরা খেলোয়াড়–** মেহেদী হাসান মিরাজ। ♦ **সেরা ফিল্ডার–** মুশফিকুর রহিম।
- **সর্বোচ্চ উইকেট শিকারী–** তাসকিন আহমেদ (২৫টি)। ♦ **মাসকট–** ডানা-৩৬।

> ২০১৯ সালে বিপিএলে এক মৌসুমে সর্বোচ্চ ২৩টি উইকেট লাভের কৃতিত্ব অর্জন করেছিলেন সাকিব আল হাসান। ২০২৫ সালে এক মৌসুমে সর্বোচ্চ ২৫টি উইকেট লাভ করার মধ্যে দিয়ে তাসকিন আহমেদ সাকিব আল হাসানের এই রেকর্ড ভেঙেছেন।

## ২০২৫ আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি বিজয়ী ভারত


ফাইনালে নিউজিল্যান্ডকে হারিয়ে ৪ উইকেটে বিজয়ী হয় ভারত।

- **আয়োজন–** নবম।
- **আয়োজক–** আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC)।
- **সময়কাল–** ১৯ ফেব্রুয়ারি-৯মার্চ, ২০২৫।
- **অংশগ্রহণকারী দল–** ৮টি।
- **মোট ম্যাচ–** ১৫টি।
- **চ্যাম্পিয়ন–** ভারত (৩বার)। ♦ **রানার্স আপ–** নিউজিল্যান্ড।
- **স্বাগতিক–** পাকিস্তান (কয়েকটি ম্যাচ সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে অনুষ্ঠিত হয়েছে)।
- **টুর্নামেন্ট সেরা ও সর্বোচ্চ রান সংগ্রহকারী–** নিউজিল্যান্ডের রচিন রবীন্দ্র (২৬৩ রান)।
- **সর্বোচ্চ উইকেট শিকারী–** নিউজিল্যান্ডের ম্যাট হেনরি (১০টি)। ♦ **বাংলাদেশের অবস্থান–** ৬ষ্ঠ।

## ২০২৫ অনূর্ধ্ব-১৯ নারী টি-২০ বিশ্বকাপ চ্যাম্পিয়ন ভারত



ফাইনালে দ.আফ্রিকাকে হারিয়ে টানা ২ বার বিজয়ী হয় ভারত।

- **আয়োজন–** দ্বিতীয়।
- **আয়োজক–** আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC)।
- **সময়কাল–** ১৮ জানুয়ারী-২ ফেব্রুয়ারি, ২০২৫।
- **অংশগ্রহণকারী দল–** ১৬টি। ♦ **স্বাগতিক–** মালয়েশিয়া।
- **মোট ম্যাচ–** ৪১টি। ♦ **চ্যাম্পিয়ন–** ভারত (টানা ২বার)।
- **রানার্স আপ–** দক্ষিণ আফ্রিকা।
- **সর্বোচ্চ উইকেট শিকারী–** বৈষ্ণবী শর্মা (ভারত)। ♦ **টুর্নামেন্ট সেরা ও সর্বোচ্চ রান সংগ্রহকারী–** গঙ্গাধি ত্রিশা (ভারত)।

CamScanner

## ২০২৪-২৫ বিগ ব্যাশ লীগ চ্যাম্পিয়ন হোবার্ট হারিকেন্স



ফাইনালে সিডনি থানডারকে হারিয়ে ১ম বার বিজয়ী হয় হোবার্ট হারিকেন্স।

- **আয়োজন–** ১৪তম।
- **আয়োজক–** Cricket Australia।
- **সময়কাল–** ১৫ ডিসেম্বর, ২০২৪- ২৭ জানুয়ারি, ২০২৫।
- **অংশগ্রহণকারী দল–** ৮টি।
- **মোট ম্যাচ–** ৪৪টি।
- **চ্যাম্পিয়ন–** হোবার্ট হারিকেন্স।
- **রানার্স আপ–** সিডনি থানডার।
- **সিরিজ সেরা খেলোয়াড়–** কপার কন্নোলি (পার্থ স্কোরার্স), গ্লেন ম্যাক্সওয়েল (মেলবোর্ন স্টার্স)।

## ১১৩তম অস্ট্রেলিয়ান ওপেন-২০২৫

- **সময়কাল–** ১২-২৬ জানুয়ারি, ২০২৫।
- **ভেন্যু–** মেলবোর্ন পার্ক।
- **ক্যাটাগরি/বিভাগ–** গ্র্যান্ড স্লাম।
- **স্বাগতিক–** অস্ট্রেলিয়া।

| | | |
|---|---|---|
| চ্যাম্পিয়ন | পুরুষ একক | যানিক সিনার (ইতালি) |
| | নারী একক | ম্যাডিসন কিস (যুক্তরাষ্ট্র) |

## আইসিসি অ্যাওয়ার্ডস-২০২৪



২০০৪ সাল থেকে ICC Awards প্রদান করছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল।

- ২৪-২৮ জানুয়ারি, ২০২৫ (মোট ৫দিন) ২০২৪ সালে আইসিসি অ্যাওয়ার্ডস বিজয়ীদের নাম ঘোষণা করা হয়।
- স্যার গারফিল্ড সোবার্স ট্রফি হলো একটি ক্রিকেট ট্রফি যা প্রতিবছর আইসিসি বর্ষসেরা পুরুষ ক্রিকেটারকে প্রদান করা হয়।
- র‍্যাচেল হেইহো ফ্লিন্ট অ্যাওয়ার্ড হলো একটি ক্রিকেট ট্রফি যা প্রতিবছর আইসিসি বর্ষসেরা নারী ক্রিকেটারকে প্রদান করা হয়

| | | |
|---|---|---|
| **বর্ষসেরা ক্রিকেটার** | পুরুষ (স্যার গারফিল্ড সোবার্স ট্রফি বিজয়ী) | জাসপ্রিত বুমরাহ (ভারত) |
| | নারী (র‍্যাচেল হেইহো ফ্লিন্ট অ্যাওয়ার্ড বিজয়ী) | অ্যামিলিয়া কের (নিউজিল্যান্ড) |
| **বর্ষসেরা ওয়ানডে ক্রিকেটার** | পুরুষ | আজমতুল্লাহ ওমরজাই (আফগানিস্তান) |
| | নারী | স্মৃতি মান্ধানা (ভারত) |
| **টি-২০ বর্ষসেরা ক্রিকেটার** | পুরুষ | আর্শদীপ সিং (ভারত) |
| | নারী | অ্যামিলিয়া কের (নিউজিল্যান্ড) |
| **উদীয়মান বর্ষসেরা ক্রিকেটার** | পুরুষ | কামিন্দু মেন্ডিস (শ্রীলংকা) |
| | নারী | অ্যানেরি ডার্কসেন (দ.আফ্রিকা) |
| **বর্ষসেরা টেস্ট ক্রিকেটার–** জাসপ্রিত বুমরাহ (ভারত) | **বর্ষসেরা আম্পায়ার–** রিচার্ড ইলিং ওয়ার্থ (ইংল্যান্ড) | |

CS CamScanner

## চলে গেলেন যাঁরা



মেজর জেনারেল (অব.)
**কে এম সফিউল্লাহ**

- **পরিচয়–** বীর মুক্তিযোদ্ধা, এস ফোর্সের কমান্ডার, ৩নং সেক্টর কমান্ডার, স্বাধীন বাংলাদেশে দ্বিতীয় সেনাপ্রধান, রাষ্ট্রদূত, রাজনীতিবিদ।
- **পুরো নাম–** কাজী মুহাম্মদ সফিউল্লাহ। ♦ **প্রাপ্ত খেতাব–** বীর উত্তম।
- **জন্ম–** ২ সেপ্টেম্বর, ১৯৩৪ (নারায়ণগঞ্জ)। ♦ **মৃত্যু–** ২৬ জানুয়ারি, ২০২৫ (ঢাকা)।

**মুক্তিযুদ্ধে অবদান–**

১৯৭১ সালের ১৯ মার্চ জয়দেবপুরে ২য় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সেকেন্ড-ইন-কমান্ড থাকাকালীন, তাঁর নেতৃত্বে রেজিমেন্টে বিদ্রোহ ঘোষিত হয়। তাঁর নেতৃত্বে আশুগঞ্জ, ভৈরব, লালপুর, আজবপুর, সরাইল, শাহবাজপুর, মাধবপুর, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর শত্রুমুক্ত হয়।



**প্রবীর কুমার মিত্র**

- **পরিচয়–** খ্যাতিমান অভিনেতা।
- **ইসলাম ধর্ম গ্রহণের পর নতুন নাম–** হাসান ইমাম।
- **প্রাপ্ত পুরস্কার–** জাতীয় চলচ্চিত্র পুরস্কার (১৯৮৩, ২০১৯), বাচসাস পুরস্কার।
